তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা 2 ৩ কলাম ৪

কালের কণ্ঠ

# লৈঙ্গিক সমতার ১০ বিশ্ববিদ্যালয়

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

লৈঙ্গিক সমতার দিক থেকে বিশ্বের ১০ বিশ্ববিদ্যালয়ের নাম ঘোষণা করেছে জাতিসংঘের নারীবিষয়ক সংস্থা ইউএন উইমেন। গত মঙ্গলবার সংস্থাটির এক প্রতিবেদনে এ প্রতিষ্ঠানগুলোর নাম ঘোষণা করা হয়। যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে ▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## লৈঙ্গিক সমতার ১০

▶▶ শেষ পৃষ্ঠার পর

জাতিসংঘ সাধারণ পরিষদের চলমান অধিবেশনের মধ্যেই এ প্রতিবেদন প্রকাশ করে ইউএন উইমেন।

প্রতিবেদনের শিরোনাম করা হয়েছে, 'হি ফর শি ইমপ্যাক্ট ১০x১০x১০ ইউনিভার্সিটি প্যারিটি রিপোর্ট'। এতে যে বিষয়গুলোর প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে, তার মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি এবং গুরুত্বপূর্ণ পদগুলোতে নারী-পুরুষের আনুপাতিক প্রতিনিধিত্ব, ছাত্র ও ছাত্রীদের বাছাই করা পড়াশোনা বা গবেষণাক্ষেত্র এবং একাডেমিক ও পেশাগত ক্ষেত্রে সমান অধিকারের তুলনায় বিশ্ববিদ্যালয়গুলোতে নারী শিক্ষার্থীদের সংখ্যা।

জাতিসংঘের নারীবিষয়ক সংস্থা ইউএন উইমেনের তালিকায় পাঁচটি মহাদেশের আটটি দেশের ১০টি বিশ্ববিদ্যালয় ঠাঁই পায়। এগুলো হচ্ছে যুক্তরাষ্ট্রের জর্জটাউন ইউনিভার্সিটি, ফ্রান্সের ইনস্টিটিউট ডি'ইটুডেস পলিটিক্স দ্য প্যারিস (সায়েন্সেস পো), জাপানের নাগোয়া ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্রের স্টোনি ব্রুক ইউনিভার্সিটি, হংকংয়ের ইউনিভার্সিটি অব হংকং, যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব লিসেস্টার, যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব অক্সফোর্ড, ব্রাজিলের ইউনিভার্সিটি অব সাও পাওলো, কানাডার ইউনিভার্সিটি অব ওয়াটারলু এবং দক্ষিণ আফ্রিকার ইউনিভার্সিটি অব দ্য উইটওয়াটারস্রান্ড। সূত্র : জাতিসংঘের ওয়েবসাইট।